

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 27-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) প্রক্রিয়ার শুনানি পর্ব আজ শুরু হচ্ছে। ৩ হাজার ২৩৪ টি কেন্দ্রে প্রথম পর্বে প্রায় ৩২ লক্ষ আনম্যাপড় ভোটারকে শুনানিতে ডাকা হচ্ছে।
- ২) বিশ্বব্যাঙ্ক সহ বাইরের বিভিন্ন সংস্থার আর্থিক সহায়তায় চলা সমস্ত প্রকল্পের তথ্য এক জায়গায় আনতে রাজ্য সরকার নতুন অনলাইন পোর্টাল চালু করেছে।
- ৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
- ৪) বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি বলেছেন, বাংলাদেশের অন্তর্বর্তী সরকার সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত না করলে ভারত সরকার ব্যবস্থা নেবে।
- ৫) রাজ্য জুড়ে শীতের দাপট বজায় রয়েছে।

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) প্রক্রিয়ার শুনানি পর্ব আজ শুরু হচ্ছে। রাজ্যজুড়ে মোট ৩ হাজার ২৩৪ টি শুনানি কেন্দ্র চূড়ান্ত করা হয়েছে। প্রথম পর্বে প্রায় ৩২ লক্ষ আনম্যাপড় ভোটারকে শুনানিতে ডাকা হচ্ছে। যারা ২০০২-এর ভোটার তালিকার সঙ্গে কোনোরকম সম্পর্ক দেখাতে পারেননি, তাদের

আধার কার্ড সহ মোট ১২টি স্বীকৃত নথি পেশ করার সুযোগ রয়েছে। তবে শুধুমাত্র আধার কার্ডকে নথি হিসেবে বিবেচনা করা হবে না। বিহারের গত বছরের এস আই আর এর তালিকাকেও বৈধ নথি হিসেবে গণ্য করা হচ্ছে। নকল বা ভুয়ো নথি জমা দিলে তা দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে—এই সতর্কবার্তাও স্পষ্ট ভাবে জানিয়ে দিয়েছে নির্বাচন কমিশন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, শুনানির যাবতীয় প্রস্তুতি সম্পন্ন। সাড়ে চার হাজারের বেশি মাইক্রো অবজারভারের কড়া নজরদারিতে শুনানি পর্ব চলবে। ই আর ও, এ ই আর ও, বিএলও পর্যবেক্ষকের মত অনুমোদিত ব্যক্তি ছাড়া শুনানি কেন্দ্রে অন্য কেউ উপস্থিত থাকতে পারবেন না। শুনানির সময় প্রতিটি কেন্দ্রেই ফটো ডকুমেন্টেশন করা হবে বলে জানানো হয়েছে।

বিশ্বব্যাঙ্ক সহ বাইরের বিভিন্ন সংস্থার আর্থিক সহায়তায় চলা সমস্ত প্রকল্পের তথ্য এক জায়গায় আনতে রাজ্য সরকার নতুন অনলাইন পোর্টাল চালু করেছে। রাজ্যের অর্থ দফতরের উদ্যোগে তৈরি এই এক্সটার্নালি এডেড প্রজেক্ট পোর্টালের মাধ্যমে এবার থেকে বাহ্যিক ঝণ ও অনুদানে চলা সব প্রকল্পের তথ্য নথিভুক্ত, নজরদারি ও মান নির্ধারণ করা হবে।

নবান্ন এক নির্দেশিকায় জানিয়েছে, যে সব প্রশাসনিক দফতর বহিরাগত সাহায্যপ্রাপ্ত প্রকল্প রূপায়ণের দায়িত্বে রয়েছে, তাদের এবছরের ৩১ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্পের সম্পূর্ণ তথ্য ও প্রয়োজনীয় নথি এই পোর্টালে আপলোড করতে হবে। এই পোর্টালই হবে ভবিষ্যতে এমন সমস্ত প্রকল্পের তথ্য সংরক্ষণের একমাত্র প্ল্যাটফর্ম।

নতুন দিল্লিতে রাজ্যগুলির মুখ্যসচিবদের পঞ্চম জাতীয় সম্মেলন গতকাল শুরু হয়েছে। আজ এই সম্মেলনে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনিদিনের এই সম্মেলনে কেন্দ্র-রাজ্য সম্পর্কের উন্নতি নিয়ে কথাবার্তা হবে। পশ্চিমবঙ্গের মুখ্যসচিব মনোজ পন্থ এই বৈঠকে যোগ দিচ্ছেন।

প্রধানমন্ত্রীর সহযোগিতামূলক সাধারণতন্ত্রের ধারণার সঙ্গে সাযুজ্য রেখে কেন্দ্র-রাজ্য সম্পর্কের নানা দিক, কীভাবে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব তা নিয়ে মত বিনিময়ের পাশাপাশি মানবসম্পদকে পূর্ণমাত্রায় কাজে লাগানোর জন্য কী কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন সে বিষয়েও আলোচনা হবে বলে মনে করা হচ্ছে।

কলকাতার লোকভবন আরও ২০ জন দরিদ্র মহিলা ক্যান্সার রোগীর চিকিৎসার জন্য আর্থিক সহায়তা মঞ্জুর করেছে। লোকভবন সূত্রে জানানো হয়েছে, রাজ্যপাল ডষ্ট্রি সি ভি আনন্দ বোস এই সহায়তায় অনুমোদন দিয়েছেন। তিনি সংশ্লিষ্ট সকল ক্যান্সার রোগীর দ্রুত আরোগ্য কামনা করেন।

এ ছাড়াও সি ভি আনন্দ বোস রাজ্যজুড়ে ক্যান্সার প্রতিরোধ সংক্রান্ত একটি ব্যাপক সচেতনতামূলক অভিযান চালানোর প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে বলেন, ক্যান্সার প্রতিরোধে করণীয় বিষয়গুলি এবং জীবনযাত্রায় প্রয়োজনীয় পরিবর্তন সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করা অত্যন্ত জরুরি।

উল্লেখ্য, দীর্ঘদিন ধরেই লোকভবন নারী ক্যান্সার রোগীদের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দিয়ে আসছে।

২০২৫ এর শেষ লগ্নে এসে পৌঁছেছি আমরা। এ বছরে দেশের আর্থিক উন্নয়নের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার কর কাঠামোয় বড়োরকম পরিবর্তন এনেছে। দেশের অগ্রগতিতে জি এস টি হারে পরিবর্তন সহ নতুন কর কাঠামো এক উল্লেখ যোগ্য পদক্ষেপ।

একটি প্রতিবেদন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

বাংলাদেশে হিন্দু যুবক দীপু দাসের খুনের ঘটনার প্রতিবাদে রাজ্যের বিভিন্ন স্থানে প্রতিবাদ, বিক্ষোভ, মিছিল অব্যাহত রয়েছে।

কলকাতায় গতকাল বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির নেতৃত্বে হিন্দু সংহতি সংগঠনের পক্ষে শিয়ালদা থেকে বেকবাগান পর্যন্ত এক প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়। সাধু-সন্তদের ওই মিছিলে সামিল হন বহু সাধারণ মানুষও। চার সাধুকে সঙ্গে নিয়ে বিরোধী দলনেতা বাংলাদেশ ডেপুটি হাই কমিশনারের দফতরে স্মারকলিপি জমা

দিতে গেলে পুলিশী বাধার মুখে পড়েন। যদিও তা অগ্রাহ্য করে বিশেষ অনুমতি নিয়ে তিনি ভেতরে যান। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা বলেন, বাংলাদেশের অন্তর্বর্তী সরকার সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত না করলে ভারত সরকার ব্যবস্থা নেবে।

এদিকে বিভিন্ন জেলা থেকেও এই হত্যার প্রতিবাদে বিক্ষোভ ও সমাবেশের খবর পাওয়া গেছে।

বিজেপি জেলা সভাপতি অরুণ মন্ডলের নেতৃত্বে গতসন্ধ্যায় শিলিঙ্গড়ির আজমীরচক থেকে এয়ারভিউ মোড় পর্যন্ত একটি মশাল মিছিল সংগঠিত হয়। মিছিল থেকে বাংলাদেশকে বয়কটের ডাক দেওয়া হয়।

পূর্ব বর্ধমানের মেমারিতেও গতকাল সনাতনী হিন্দুরা মিছিল ও বিক্ষোভ প্রদর্শন করে। মেমারির এলএনটি বাজার থেকে মিছিল শুরু হয়ে পারিজাতনগর বাজারে শেষ হয়। মিছিল শেষে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখিয়ে মোহাম্মদ ইউনুসের কুশপুতুল দাহ করা হয়।

বর্ধমান শহরেও বজরঙ্গ দলের পক্ষ থেকে ঘটনার প্রতিবাদে মিছিলের আয়োজন করা হয়।

পশ্চিম মেদিনীপুরেও গতকাল বিক্ষোভ দেখানো হয়। মেদিনীপুর শহরে বজরং দল সহ আরও কয়েকটি সনাতনী সংগঠনও বিক্ষোভ কর্মসূচীতে অংশ নেয়।

সেভেন সিস্টার্স ও শিলিঙ্গড়ি করিডর নিয়ে ভূমকি দেওয়ায় স্থানীয় হোটেল ব্যবসায়ীরা বাংলাদেশী নাগরিকদের জন্য পরিষেবা বন্ধ করে দিয়েছে। গ্রেটার শিলিঙ্গড়ি হোটেলিয়ার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এ খবর জানিয়ে বলা হয়েছে, প্রতিবছর বাংলাদেশ থেকে প্রায় ২৫ থেকে ৩০ হাজার নাগরিক চিকিৎসা ও পড়াশোনার

উদ্দেশ্যে শিলিগুড়ি করিডর দিয়ে ভারতে আসেন এবং তাঁদের বড় অংশ শিলিগুড়িকে ট্রানজিট হাব হিসেবে ব্যবহার করেন। তবে সাম্প্রতিক সময়ে বাংলাদেশে ক্রমবর্ধমান ভারত-বিরোধী মনোভাব এবং কয়েকজন নেতার উসকানিমূলক বক্তব্য পরিস্থিতিকে আরও উদ্বেগজনক করে তুলেছে। হোটেল ব্যবসায়ীদের দাবি, বাংলাদেশ থেকে কিছু নেতা শিলিগুড়ি করিডর অশান্ত করার পাশাপাশি দেশের মূল ভূখণ্ড থেকে উত্তর-পূর্ব ভারতের সাতটি রাজ্য-সেভেন সিস্টার্স-বিচ্ছিন্ন করার হুমকি দিচ্ছেন।

বিভিন্ন দাবি দাওয়া নিয়ে রাজ্যের একাধিক জায়গায় আশা কর্মীরা বিক্ষেপ আন্দোলনে সামিল হন। তাদের দাবিগুলির মধ্যে রয়েছে মাতৃত্বকালীন ছুটি, ভাতার পরিমাণ বৃদ্ধি, ইনসেন্টিভ সহ বকেয়া প্রদান, কর্মরত অবস্থায় মৃতের পরিবারকে ৫ লক্ষ টাকা প্রদান ইত্যাদি।

বর্ধমান বারাসাত, হাওড়া সহ রাজ্যের বিভিন্ন স্থানে আশা কর্মীদের বিক্ষেপ আন্দোলন ও রাস্তা অবরোধের খবর পাওয়া গেছে। এর ফলে বেশ কিছু জায়গায় যানজটের সৃষ্টি হয়।

উল্লেখ্য, ২০ শে ডিসেম্বর থেকে আশা কর্মীরা অনিদিষ্টকালের জন্য কর্ম বিরতি পালন করছেন।

PSC Clerkship (Part - II) পরীক্ষা ২০২৩ এ পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে মেট্রো রেল আগামীকাল বন্ধ ও গ্রিন লাইনে বিশেষ পরিষেবা দেবে। আগামীকাল এই দুই সেকশনে প্রথম পরিষেবা সকাল ৯ টার পরিবর্তে ৮ টায় শুরু হবে। শেষ পরিষেবায় বন্ধ লাইন ও গ্রিন লাইন সেকশনে সময় সূচি অপরিবর্তিত থাকবে। হাওড়া

ময়দান থেকে সেন্ট্রাল পার্ক পর্যন্ত স্পেশাল পরিষেবা রাত ১০ টা ৫ মিনিটে অপরিবর্তিত থাকবে।

ক্রমবর্ধমান ভ্রমণের চাহিদা মেটাতে ভারতীয় রেল ২০৩০ সালের মধ্যে ৪৮টি প্রধান শহরে ট্রেন চলাচলের ক্ষমতা দ্বিগুণ করার পরিকল্পনা করেছে। এই শহরগুলোর মধ্যে রয়েছে দিল্লি, মুম্বাই, কলকাতা, চেন্নাই, হায়দরাবাদ, বেঙ্গালুরু, পাটনা, ভোপাল এবং পুরী। রেল মন্ত্রক জানিয়েছে, এটি আগামী বছরগুলোতে ক্রমবর্ধমান যাত্রী চাহিদা মেটাতে সহায়ক হবে।

রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান সতীশ কুমার সমস্ত আঞ্চলিক রেলওয়ের জেনারেল ম্যানেজারদের কাছে একটি চিঠি নিখে তাদের নিজ নিজ বিভাগে ট্রেন পরিচালনার ক্ষমতা বাড়ানোর নির্দেশ দিয়েছেন। তাদের শহরাঞ্চলের ভেতরে এবং আশেপাশে নতুন টার্মিনাল চিহ্নিত ও তৈরি করতে বলা হয়েছে। উভয় অংশের স্বতন্ত্র চাহিদা বিবেচনা করে শহরতলি এবং দূরপাল্লার উভয় ধরনের ট্র্যাফিকের জন্যই এই ব্যবস্থা নেওয়া হবে।

রাজ্য জুড়ে শীতের দাপট বজায় রয়েছে। কলকাতায় আজো সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২ দশমিক ৯ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা প্রায় এক ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের চেয়ে প্রায় সাড়ে চার ডিগ্রি কম। আগামী দুদিন তাপমাত্রা বিশেষ হেরফের না হলেও বর্ষশেষে ও নতুন বছরের শুরুতে তাপমাত্রার পারদ আবার উর্ধ্বমুখী হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দণ্ডের বিজ্ঞানী ডঃ সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

আজ ও আগামীকাল সকালের দিকে উত্তরবঙ্গের দার্জিলিং, আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি, উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলায় ঘন কুয়াশার পূর্বাভাস রয়েছে।
